



বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ

(বাংলাদেশ কওমী মাদরাসা শিক্ষা বোর্ড)

হোল্ডিং-২০৫, কাজলারপাড় (ভাঙ্গাপ্রেস), যাত্রাবাড়ী, ঢাকা-১২৩৬

তারিখ: ৩০-১২-১৪৪৪ হিজরি
১৯-০৭-২০২৩ ইসাব্দ

বিশেষ বিজ্ঞপ্তি

বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ-এর অন্তর্ভুক্ত সকল মাদরাসার কর্তৃপক্ষকে জানানো যাচ্ছে যে, বেফাকের নতুন মারকায আবেদন এখন থেকে জমা দেওয়া যাবে। মারকায আবেদনের সর্বশেষ তারিখ ৩০ মুহাররম ১৪৪৫ হিজরি। মারকায আবেদনের শর্তাবলি পরবর্তী পৃষ্ঠায় দেওয়া হলো। শর্তাবলির শর্তসাপেক্ষে ৩০ মুহাররমের মধ্যে শর্তাবলিতে উল্লিখিত কাগজপত্রসহ আবেদনপত্র জমা দেওয়া যাবে।

বি. দ্র. শর্তাবলির আলোকে অসম্পূর্ণ আবেদন গ্রহণ করা হবে না।

(মাওলানা উবায়দুর রহমান খান নদভী)

মহাপরিচালক

বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ

বেফাকের কেন্দ্রীয় পরীক্ষার মারকায় প্রাপ্তির শর্তাবলি

১. মারকায় আবেদনের জন্য বেফাকে ইলহাক হওয়ার পর কমপক্ষে ৩ বছর পরীক্ষায় অংশগ্রহণ করা প্রাথমিক শর্ত ।
২. পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে মাদরাসার প্যাডে মুহতামিমের সীল ও স্বাক্ষর সহ বিস্তারিত অবস্থা লিখে আবেদন করতে হবে ।
৩. সাবেক মারকায় মাদরাসার প্যাডে সিল স্বাক্ষরসহ অনাপত্তিপত্র দাখিল করতে হবে এবং সাবেক মারকায় ও পার্শ্ববর্তী মারকায়ের ক্ষতি না হয় এমন হতে হবে ।
৪. মাদরাসা কমিটির মারকায় আবেদন সম্বলিত রেজুলেশনের ফটোকপি আবেদনের সাথে জমা দিতে হবে ।
৫. বেফাকের জেলা ও থানা কমিটির সভাপতি/সেক্রেটারীর সুপারিশ থাকতে হবে । অন্যথায় বিভাগীয় সাংগঠনিক সম্পাদকের সুপারিশ থাকতে হবে ।
৬. যাতায়াত ও যোগাযোগ ব্যবস্থা যথোপযোগী হওয়া এবং বেফাকের প্রকাশিত বই পড়ানো জরুরি ।
৭. পরীক্ষার্থী সংখ্যা (পুরুষ) : দরসিয়াতের জন্য ঢাকা মহানগরী ২২৫ জন, ঢাকা মফস্বল ও জেলা শহর ১৫০ জন এবং মফস্বল ১২৫ জন । (মহিলা) : ঢাকা মহানগরী ১৫০ জন, ঢাকা মফস্বল ও জেলা শহর ১২৫ জন এবং মফস্বল ১০০ জন, তাহফীয়ল কুরআন ও ইলমুত তাজবীদ ওয়াল ক্লিয়াত মারকায়ের জন্য ৫০ জন করে পরীক্ষার্থী হতে হবে ।
৮. আবেদনকারী মাদরাসার ছাত্র সংখ্যা কমপক্ষে এক-ত্রৈয়াংশ হতে হবে ।
৯. আবেদনকৃত মারকায় এবং পার্শ্ববর্তী মারকায়ের দূরত্ব কতটুকু তা স্পষ্টভাবে লিখতে হবে ।
১০. সানাবিয়া উলহায়া মারহালার নিচের কোন মাদরাসায় মারকায় দেওয়া হবে না ।
১১. অনাবাসিক মাদরাসায় মারকায় দেওয়া হবে না ।
১২. যে সকল মাদরাসা আবেদনকৃত মারকায়ে পরীক্ষা দিবে তাদের মাদরাসার প্যাডে সিল স্বাক্ষরসহ সম্মতিপত্র জমা দিতে হবে এবং এ সকল মাদরাসাকে তাদের সাবেক মারকায়ের অনাপত্তিপত্র জমা দিতে হবে ।

মারকায়সমূহের পালনীয় কর্তব্য

১. পরীক্ষার্থীর সংখ্যা-পরিমাণ প্রশস্ত পৃথক হল এবং প্রয়োজনীয় মানসম্মত (৬ফুট) তেপায়া থাকতে হবে যেন একটি তেপায়াতে ৩ জন লিখতে পারে । ।
২. বহিরাগত পরীক্ষার্থী, ওস্তাদ ও অভিভাবকদের থাকা-খাওয়া এবং হলের নিকটেই প্রস্তাব-পায়খানার সুব্যবস্থা থাকতে হবে ।
৩. নেগরানের জন্য পৃথক কামরা, পৃথক আলমারি এবং খাদেমের ব্যবস্থা থাকতে হবে । ঐ রুমে অন্য কেউ থাকতে পারবে না ।
৪. মারকায়ের সামগ্রিক শৃঙ্খলা বিধানের লক্ষ্যে প্রতি মারকায়ে একটি মারকায় কমিটি গঠন করতে হবে ।
৫. সকল বিধান বাস্তবায়নের নিশ্চয়তা জ্ঞাপন করে মারকায়ওয়ালা মাদরাসার মুহতামিম একটি অঙ্গীকারপত্র দেবেন ।
৬. বিগত ৭/৮/১৮ সং. তারিখের ইমতিহান কমিটির বৈঠকের সিদ্ধান্ত মুতাবিক দরসিয়াত মারকায় (পুরুষ-মহিলা) মঙ্গুরির ফি, ঢাকা মহানগর ২৪০০০/- ঢাকা মফস্বল ও জেলা শহর গুলোতে ১৫,০০০/- এবং মফস্বল এলাকায় ৯,০০০/- এককালীন প্রদান করতে হবে । তাহফীয়ল কুরআন ও ইলমুত তাজবীদ ওয়াল ক্লিয়াত মারকায় মঙ্গুরির ফি সকল ক্ষেত্রে ৯,০০০/- এককালীন প্রদান করতে হবে ।
৭. মহিলা মারকায় আবেদনের ক্ষেত্রে ১ জন পুরুষ এবং ৩/৪ জন (প্রয়োজনে ততোধিক) মহিলা নেগরানের নামের তালিকা নিবন্ধন ফরমের সাথেই জমা দেওয়া আবশ্যিক ।
৮. মাদরাসার নামে এন্ড্রয়েড মোবাইল ফোন সেট থাকতে হবে ।
৯. ই-মেইল, অনলাইন, হোয়াটস অ্যাপ, টেলিগ্রাম ইত্যাদির ব্যবস্থাপনা এবং পরিচালনার জন্য পারদর্শী লোক থাকতে হবে ।
১০. কম্পিউটার, এক বা একাধিক ফটোকপি মেশিন এবং প্রিন্টার থাকতে হবে ।
১১. বিদ্যুৎব্যবস্থা / জেনারেটর / আই.পি.এস.এর ব্যবস্থা থাকতে হবে ।
১২. মারকায় মাদরাসার মুহতামিম পরীক্ষা চলাকালীন প্রতিদিন মাদরাসায় উপস্থিত থাকবেন ।